**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-২১/২০২৪ জে, তারিখ : ০৮ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ / ২৩ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: দেশের সকল অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে বিচারিক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশের বর্তমান উদ্ভূত পরিস্থিতিতে সান্ধ্য আইন চলাকালে দেশের সকল অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে বিচারিক কার্যক্রম পরিচালনা সংক্রান্তে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন:

(১) জেলা/মহানগর এলাকার জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ উক্ত জেলা/মহানগর এলাকার ক্ষেত্রমত স্থানীয় জেলা ম্যাজিস্ট্রেট/পুলিশ কমিশনার-এর সাথে যৌথভাবে সমন্বয় করে উক্ত জেলা/মহানগর এলাকায় সান্ধ্য আইন শিথিলকালীন সময়ে আদালত/ট্রাইব্যুনাল ও অফিসের সময় নির্ধারণ করতঃ উক্ত জেলা/মহানগর এলাকার সকল বিচারক, আদালতের কর্মকর্তা/কর্মচারী এবং সংশ্লিষ্ট আইনজীবী সমিতিকে অবহিত করে আদালত/ট্রাইব্যুনাল সমূহের বিচারিক কার্যক্রম পরিচালনা করবেন।

(২) আদালত/ট্রাইব্যুনাল সমূহের বিচারিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সাথে সমন্বয় করে বিচারক, আদালতের কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতসহ আদালত ভবনের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(৩) সরকার নির্বাহী আদেশে সাধারণ ছুটি ঘোষণা করলে উক্ত ছুটিকালীন সময়ে অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে সাধারণ ছুটি থাকবে। ছুটিকালীন সময়ে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতসমূহে এক বা একাধিক ম্যাজিস্ট্রেট সাংবিধানিক বাধ্যবাধকতায় সার্বক্ষণিক দায়িত্বরত থাকবেন।

এ নির্দেশনা আগামী ২৪.০৭.২০২৪ খ্রিস্টাব্দ তারিখ হতে জেলা/মহানগর এলাকাসমূহে সান্ধ্য আইন বলবৎ থাকাকালীন সময় পর্যন্ত কার্যকর থাকবে।

স্বাক্ষরিত

**(আজিজ আহমদ ভূঞা)**
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-৬৪৭৮ জে, তারিখ : ০৮ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ / ২৩ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------ ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ----------------------------- (সকল)।